কাজিপুর উপজেলা পরিষদের ৩৯ তম সভার কার্য বিবরণী

তারিখ : ২৫/০৪/২০২২
সময় : ১০.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতি : জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।

জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর এর সভাপতিত্বে ৫ম নির্বাচিত উপজেলা পরিষদের ৩৯তম সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়করণ করা হয়। অতঃপর নিম্নে বর্ণিত বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

| ক্রঃনং | আলোচনা | কমিটির সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, মাঠে বর্তমানে বোরো ধান ও ভুট্টা ফসল বিদ্যমান। এছাড়া ২০২০-২১ অর্থ বছরে "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় ভর্তুকিতে বরাদ্দপ্রাপ্ত তিনটি কম্বাইন হারভেস্টারের মধ্যে একটি বিতরণ করা হয়েছে এবং আরও দুটি বিতরণের প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | - | চলমান কার্যক্রম স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে কাজ করবেন্ | কৃষি অফিসার |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান করোনার টিকা প্রদান করা হয়েছে ১০,৪৭৫ জনকে। দ্বিতীয় ডোজের সাথে প্রথম ডোজ ও চলবে। ০২ টি Community Clinic এ নরমাল ডেলিভারী চালু করা হয়েছে। ২০ টি করোনা আইসোলেশন বেড প্রস্তুত আছে সেবা প্রদানের জন্য। স্বাভাবিকভাবে অন্যান্য কার্যক্রম চলছে।/ | - | সেবা কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন। | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩ | উপজেলা শিক্ষা বিভাগঃ শিক্ষা অফিসার জানান যে,শিক্ষা অফিসার জানান যে, বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠন, উপবৃত্তির ক্ষেত্রে online এ জন্য নিবন্ধন প্রয়োজন। | - | চলমান কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন। | শিক্ষা অফিসার |
| ০৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে অত্র দপ্তরের কার্যক্রম যথাযথভাবে চলছে। ইতোমধ্যে ৬ষ্ঠ হতে দ্বাদশ পর্যন্ত শিক্ষার্থী সমন্বিত উপবৃত্তি ভুক্ত শিক্ষার্থীদের নাম তালিকা অনলাইনে প্রেরণ কাজ সম্পন্ন হয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ১৮/০৪/২০২২ তারিখে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার ভিত্তিতে ফলাফল প্রেরণ করা হয়েছে। বর্তমানে ইউনিক আইডির কার্যক্রম চলছে। ৩০/০৪/২০২২ তারিখ পর্যন্ত এই কার্যক্রম চলবে। | - | সার্বিক কার্যক্রম সচল রাখাকল্পে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগঃ ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় পরিবহন ও যোগাযোগ খাতের অধীনে বাস্তবায়নের জন্য গৃহিত "রৌহাবাড়ী বিল পাড়া পাকা রাস্তা হতে খলিলের বাড়ী পর্যন্ত পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মান (বাদ্দকৃত টাকার পরিমান-১,০০,০০০.০০) প্রকল্পটি টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়নের জন্য ২৬-১১-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২০তম সভায় অনুমোদিত হয়। বৃহত্তর জনস্বার্থে এবং দ্রুত প্রকল্পটি বাস্তবায়নের জন্য তিনি টেন্ডার প্রক্রিয়ার পরিবর্তে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন।<br><br>তিনি আরো জানান তেকানী ইউনিয়নে তেকানী ঘাট-পানাগাড়ী বাজার রাস্তা আরসিসি দ্বারা নির্মাণ টাকা-১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা এবং তেকানী ইউ,পি অফিস-রুপসা হাট রাস্তা এইচবিবি দ্বারা মেরামত-৬,৩৬,২০০.০০ (ছয় লক্ষ ছত্রিশ হাজার দুইশত) টাকার ০২ টি প্রকল্প কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন এবং সভায় উপস্থিত সকল সদস্যও সম্মতি প্রকাশ করেন। | - | বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরে এডিপির আওতায় প্রকল্পগুলি বাস্তাবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ, এলডিডিপি প্রকল্পের আওতায় ০৭ টি স্কীম সেপারেটর মেশিন ১০০-৩০০ লিটার দুধ উৎপাদনকারী খামারীর মাঝে বিতরণ করা হয়। আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্পের আওতায় কোরবানী ঈদকে সামনে রেখে সুফলভোগীদের মাঝে প্রশিক্ষণ চলমান রয়েছে। প্রতিটি ইউনিয়নে বিনামূল্যে ক্ষুরারোগের টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। দুধ বিক্রয়ের জন্য নির্দিষ্ট স্থানে সেড নির্মাণ ও চালিতাডাঙ্গা ইউনিয়নে ০১টি সেড নির্মানে দৃষ্টি আকর্ষণ করা হয়। | - | সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগঃ ০৪/০৪/২০২১ হতে ১১/০৪/২০২১ খ্রিঃ পর্যন্ত জাটকা সংরক্ষণ সপ্তাহ অনুষ্ঠিত হচ্ছে। করোনা পরিস্থিতির সার্বিক দিক বিবেচনা করে স্বল্প পরিসরে জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২১ পালিত হচ্ছে। এবারের প্রতিপাদ্য বিষয় "মুজিব বর্ষে শপথ নিবো "জাটকা নয় ইলিশ খাবো"। এছাড়া জাটকা আহরণ নিষিদ্ধ সময়ে ৬৯২ জন জেলেদের ৮০ কেজি হারে ৫৫.৩৬ মে.টন ভিজিএফ চাল বিতরণ করা হয়। ভিজিএফ চাল সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | - | সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | মৎস্য কর্মকর্তা |
| ০৮ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে জমি নাই ঘর নাই ৩০২ টি পরিবারের মধ্যে ৩৫ ঘরসহ জমি গত ২৩/০১/২০২১ তারিখ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ঘর পর্যায়ক্রমে দেওয়া হবে। TR–কাবিখার কাজ সমাপ্ত করার শেষ সময় ১৫/০২/২০২১ তারিখ এর মধ্যে সম্পন্ন করে চূড়ান্ত বিল দেওয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় দায়ভার প্রকল্প সভাপতিকে বহন করতে হবে। | - | বিতরণ কার্যক্রম কঠোরভাবে পর্যবেক্ষণ করবেন। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, কাজিপুর উপজেলার নবগঠিত মনসুরনগর ইউনিয়নে একটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ করা প্রয়োজন। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং মাঠ কার্যক্রম নিশ্চিতকরণের নিমিত্তে নিম্নবর্ণিত পদগুলো সৃজন করে জনবল নিয়োগ করা প্রয়োজন। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ-০১ টি, উপ সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার পদ-০১ টি, পরিবার কল্যাণ পরিদর্শিকা (মহিলা) পদ-০১ টি, পরিবার পরকল্পনা পরিদর্শক (পুরুষ) পদ-০১ টি, পরিবার কল্যাণ সহকারী (প্রতি ওয়ার্ডে একটি করে) মহিলা পদ-০৯ টি, অফিস সহায়ক কাম নিরাপত্তা প্রহরী পদ ০১ টি, আয়া (মহিলা) পদ-০১ টি। | - | জনবল নিয়োগের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। | পরিবার পরিকল্পনা অফিসার |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগঃ সমাজসেবা অফিসার সভায় জানান, আগামী ৩১/০৫/২০২২ তারিখ মধ্যে ভাতার পেরোল দেয়ার বাধ্যবাধকতা রয়েছে। বিধায় সকল ইউ,পি চেয়ারম্যানদের প্রতি অনুরোধ মৃত ভাতাভোগীর তালিকা ১০/০৫/২০২২ এর মধ্যে প্রেরণ করতে হবে এবং তার স্থলে প্রতিস্থাপনের তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য প্রতিস্থাপনের ক্ষেত্রে পূর্বের বাদপড়া ভাতাভোগীদের অগ্রীকার দিতে হবে। | - | ভাতা কার্যক্রম বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করবেন। | সমাজসেবা অফিসার |
| ১১ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, ২০২১-২০২২ অর্থ বছরের ৩১২ টি নলকূপের মধ্যে ৪৫% কাজ সম্পন্ন হয়েছে। জুন/২০২২ এর মধ্যে শতভাগ সম্পন্ন হবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | - | নলকূপের তালিকা যাচাই-বাছাই কার্যক্রম আরো ভালভাবে মনিটর করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | স্টেশন অফিসার সভায় জানান বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান। কোভিড-১৯ এর প্রতিরোধে আমাদের কার্যক্রম অব্যাহত আছে। বিভিন্ন রাস্তায় বালুর ট্রাক ও অটো রিক্সার জানজট কমানো প্রয়োজন। সচেতনতা বৃদ্ধির জন্য জনগণের মধ্যে প্রশিক্ষণের প্রয়োজন। উপজেলার প্রতিটি অফিসে ফায়ার সার্ভিসের মোবাইল নম্বর সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো। | - | সকল কর্মকর্তাগণকে তাদের দপ্তরে ফায়ার সার্ভিসের মোবাইল নম্বর সংরক্ষণ করতে হবে। | স্টেশন অফিসার |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ যুব উন্নয়ন অফিসার জানান, যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবেই চলছে। প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরে মোট ৩৬০ জন বেকার যুবক ও যুব নারীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ কর্মসূচীর আওতায় চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের বিভিন্ন আত্মকর্মসংস্থান প্রকল্পের অনুকূলে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার ৯৮%। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। কোন সমস্যা নেই। | - | ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখবেন। | যুব উন্নয়ন অফিসার |
| ১৩ | মহিলা বিষয়ক অধিদপ্তরঃ মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যাচ্ছে যে, সকল মাসিক সভা সম্পন্ন হয়েছে। এপ্রিল/২০২২ মাসের ১২ টি ইউনিয়নের ভিজিডি পুষ্টিচাল ডিও প্রদান করা হয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের পরিমান-২২,৬২,০০০/- টাকা। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ব্যাংক স্থিতির পরিমান ৮,৫,৬৩২/৭৫ টাকা মাত্র। ঘুর্ণায়মান তহবিল কর্মসূচির আওতায় ব্যাংক স্থিতির পরিমাণ ৮৬,১৮৪/- টাকা মাত্র। কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা সহায়তা কর্মসূচির আওতায় কাজিপুর পৌরসভার ২০২১-২০২২ অর্থ বছরে ১৪৯ জন ভাতাভোগীর ভাতার অর্থ স্ব স্ব ব্যাংক হিসাব হতে উত্তোলন প্রক্রিয়াধীন রয়েছে। আইজিএ প্রকল্পের কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল/২০২২ খ্রিঃ হতে জুন/২০২২ খ্রিঃ পর্যন্ত ফ্যাশন ডিজাইন এবং বিউটিফিকেশন ০২ টি ট্রেডের (৫০+৫০)=১০০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলমান। দর্জি বিজ্ঞান (WTC) ট্রেডের ২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল/২০২২ খ্রিঃ হতে জুন/২০২২ খ্রিঃ পর্যন্ত দর্জি বিজ্ঞান ট্রেডের ৩০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলমান। দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | - | নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচি অব্যহত রাখবেন। | মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা [illegible] উন্নয়ন বিভাগঃ পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। মার্চ মাসে ঋণ বিতরণ ও আদায় যথাক্রমে ৪.৬০ লক্ষ টাকা এবং ৫.১৮ লক্ষ টাকা। খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত ক্রাশ প্রোগ্রাম চলমান আছে। দুটি ইউনিয়ন (গাঙ্গাইল ও চালিতাডাঙ্গা) এ পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় দুটি স্কিম বর্তমানে চলমান। | - | ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখবেন। | পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | উপজেলা সমবায় বিভাগঃ সমবায় অফিসার সভায় জানান, ২০১৮-২০১৯ খ্রিঃ সালের বকেয়া অডিট ফি ২,১২০/- টাকা আদায় হয়েছে। ২০১৯-২০২০ সালের ধার্য্যকৃত অডিট ফি আদায় হয়েছে। | - | ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক রাখার চেষ্টা অব্যাহত রাখতে হবে। | সমবায় অফিসার |
| ১৬ | ফরেস্টার, বন বিভাগঃ বন কর্মকর্তা সভায় জানান, মেঘাই হতে পিপুলবাড়ীয়া পর্যন্ত ২৬.০০ সিডলিং কিঃমিঃ বাগান ২০১৯-২০২০ সালে বিক্রয় করা হয়েছিল। গত ১৩/০৪/২০২২ তারিখে উপকারভোগী ১৩০ জন সদস্যের ১২৫ জন সদস্যের মধ্যে চুক্তি নামা অনুযায়ী লভ্যাংশ বিতরণ করা হয়েছে। টাকার পরিমান ৮১,৩৭,৮৩২/- ০৩ টি ইউনিয়ন পরিষদ ও ০১ টি পৌর সভার মধ্যে ৭,৩৯,৮০২/- টাকা বিতরণ করা হয়েছে। উক্ত চেক বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মহোদয়। এম.পি মহোদয়ের পরিবর্তে উপজেলা চেয়ারম্যান মহোদয় জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী উপস্থিত ছিলেন। | - | পুরাতন গাছ কর্তন ও নতুন বাগান সৃজনের জন্য উপজেলা বন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বন বিভাগ |

উপজেলা পরিষদের অহস্তান্তরিত বিভাগসমূহঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাজিপুরঃ সভায় জানান, খাদ্য বান্ধব কর্মসূচীর মাধ্যমে হত দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে চাল ১০/- টাকা কেজি চাল বিক্রয় চলতি মাসেও চলমান আছে। খাদ্য শস্যের মজুদ সন্তোষজনক। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | - | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখবেন | খাদ্য নিয়ন্ত্রক |
| ০২ | বিএডিসি (সেচ) কাজিপুরঃ সহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান অত্র বিএডিসি কাজিপুর জোন দপ্তরের আওতায় ৩৮ টি গভকূ বর্তমানে চালু আছে এবং সঠিকভাবে পরিচালিত হচ্ছে। ০৫ টি এল.এল.পি চালু রয়েছে। ০৫ টি বন্ধ গভকূ কৃষকের সেচ সুবিধার্থে পূর্ণখননের কাজ চলমান রয়েছে। বানিয়াজান খালের পূর্ণ খননের কাজ শুরু হয়ে চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম চালু আছে। | - | চলমান কার্যক্রমগুলো নিয়মিত মনিটর করতে হবে | বিএডিসি পানাসি |
| ০৩ | উপজেলা আনসার ভিডিপি বিভাগঃ আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান চলতি এপ্রিল মাসে ১ জন ভিডিপি সদস্যকে মোটর ড্রাইভিং প্রশিক্ষণে ৭০ দিনের জন্য পাঠানো হয়েছে। বিভাগীয় সকল প্রকার সাংগঠনিক কার্যক্রম চলমান রয়েছে। | - | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | আনসার ভিডিপি অফিসার |
| ০৪ | উপজেলা পরিসংখ্যান অফিস, কাজিপুরঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান আগামী ১৫-২১ জুন, ২০২২ খ্রিঃ (০৭ দিন) জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হবে। গত ২১ এপ্রিল হতে ২৬ এপ্রিল ২০২২ এ জনশুমারি বাস্তবায়নের জন্য ৩য় জোনাল অপারেশন হচ্ছে। | - | চলমান কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন। | পরিসংখ্যান অফিসার |
| ০৫ | পল্লী দারিদ্র বিমোচন, কাজিপুরঃ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন সভায় জানান, অত্র দপ্তরের কাজ স্বাভাবিক চলছে। যেহেতু ঋণদানকারী প্রতিষ্ঠান তাই ঋণের তথ্য নিম্নে দেওয়া হলো।<br>৩১ শে মার্চ পর্যন্ত<br>১। ক্ষুদ্র ঋণ বিতরণ-১৬০,০০০০<br>২। স্লেপ ঋণ বিতরণ-১,১০,০০০/-<br>৩। নারী উদ্যোক্তা-৪৫,০০০০০/-<br>৪। প্রনোদনা ঋণ বিতরণ-৫১,৫০,০০০/-<br>সকল ঋণের আদায়-৯৫%<br>বাকী কাজ কর্ম ভালভাবেই চলছে। | - | ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখবেন। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ০৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন কাজিপুরঃ স্টেশন অফিসার সভায় জানান বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান। কোভিড-১৯ এর প্রতিরোধে আমাদের কার্যক্রম অব্যাহত আছে। বিভিন্ন রাস্তায় বালুর ট্রাক ও অটো রিক্সার জানজট কমানো প্রয়োজন। সচেতনতা বৃদ্ধির জন্য জনগণের মধ্যে প্রশিক্ষণের প্রয়োজন। উপজেলার প্রতিটি অফিসে ফায়ার সার্ভিসের মোবাইল নম্বর সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো | - | সকল কর্মকর্তাগণকে তাদের দপ্তরে ফায়ার সার্ভিসের মোবাইল নম্বর সংরক্ষণ করতে হবে। | স্টেশন অফিসার |
| ০৭ | পল্লী বিদ্যুৎ অফিস, কাজিপুরঃ বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। করোনাকালীন সময়ে এবং পবিত্র রমজান মাসে নিরবিচ্ছিন্ন বিদ্যুত সরবরাহের সকল প্রস্তুতি নেওয়া হয়েছে। মাঝে মাঝে মেরামত কাজের জন্য সাময়িক বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকতে পারে। সকলকে ধৈর্য্য সহকারে আমাদের সহযোগিতা করণের জন্য অনুরোধ করছি। | - | সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | পল্লী বিদ্যুৎ |
| ০৮ | পল্লী সঞ্চয় ব্যাংক, কাজিপুরঃ শাখা ব্যবস্থাপক সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল মাসের কার্যবিবরণী<br>মোট ঋণ আদায়-৬৮,৩২,০০০/- (আটষট্টি লক্ষ বত্রিশ হাজার) টাকা মাত্র। মোট ঋণ বিতরণঃ<br>[illegible] টাকা মাত্র। | - | ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম | উপজেলা সমন্বয়কারী |
| | | | [illegible] | পাট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ইসলামিক ফাউন্ডেশন, কাজিপুরঃ ফিল্ড সুপারভাইজার, কাজিপুর জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | - | বিভাগীয় কার্যক্রম স্বা[illegible]ক রাখতে আন্তরিকভাবে কাজ করবেন। | ফিল্ড সুপারভাইজার |
| ১১ | তথ্যকেন্দ্র, কাজিপুর, সিরাজগঞ্জঃ তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মার্চ ২০২২ খ্রিঃ মাসে ডোর ভিজিট এর মাধ্যমে ৭০০ জন, তথ্য কেন্দ্রে ১০০ জন ও উঠান বৈঠকে ২০০ জনসহ মোট ১০০০ জনকে স্বাস্থ্য, কৃষি, শিক্ষা, বাল্য বিয়ে ও অন্যান্য অফিসের তথ্য সবো দেয়া হয়েছে। এছাড়া অনলাইন সেবা ও লালসবুজ মার্কেট প্লেসে উদ্যোক্তা নিবন্ধন করা হয়েছে। | - | তথ্য আপা প্রকল্পের আওতায় তথ্যকেন্দ্র এর সেবা সম্পর্কে অবহিতকরণ ও উঠান বৈঠকের মাধ্যমে প্রশিক্ষন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা |

১২। বিবিধঃ ক) উপজেলা পরিষদের মার্চ/২০২২ ও এপ্রিল/২০২২ মাসের আপ্যায়ন বাবদ ৬০,০০০/- ও স্টেশনারী ১০,০০০/- টাকা ব্যয়ের বিধান রয়েছে।
সিদ্ধান্তঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

খ) উপজেলা পরিষদের পানির লাইন ও মোটর মেরামত বাবদ-৫,৬৩০/- টাকা ব্যয় করা হয়েছে।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

( মোঃ খলিলুর রহমান সিরাজী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।
www.kazipur.sirajganj.gov.bd

স্মারক নং:০৫.৪৩.৮৮৫০.০০৩.০১.০১৯.২০-৬৫৫(৪০)

তারিখ: ১২ বৈশাখ, ১৪২৯ / ২৫ এপ্রিল, ২০২২

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬২ সিরাজগঞ্জ-১।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৬. উপ পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি, সিরাজগঞ্জ।
৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর।
৯. মেয়র, কাজিপুর পৌরসভা, কাজিপুর।
১০. উপজেলা ............................................ অফিসার, কাজিপুর।
১১. চেয়ারম্যান ..................................... ইউ,পি (সকল)।
১২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাজিপুর, সিরাজগঞ্জ। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. জনাব ..........................................................................
১৪. অফিস কপি।

(মোঃ জাহিদ হাসান সিদ্দিকী)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।
ফোন : ০৭৫২৫-৫৬১১
E-mail : unokazipur@mopa.gov.bd

উপজেলা পরিষদের
অধিবেশন নং ৩৭



তারিখঃ ২৫/০৪/২০২২
সময়ঃ সকাল – ১০.৩০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতিঃ জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতী

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতী → | [illegible] |
| ০২. | জনাব মোঃ ওবায়দুর রহমান সিদ্দিকী, উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতী → | |
| ০৩. | জনাব দ্বীন মোহাম্মদ, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ কালিহাতী → | |
| ০৪. | জনাব মোছাঃ আফরোজা খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ কালিহাতী → | [illegible] |
| ০৫. | মোঃ শওকত [illegible] [illegible] সাইফুল্লাহ [illegible] | [illegible] |
| ০৬. | ডা: মোমেনা পারভীন, উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [illegible] |
| ০৭ | মোঃ [illegible] চেয়ারম্যান – [illegible] ইউনিয়ন | [illegible] |
| ৮ | মোঃ আব্দুল [illegible] চেয়ারম্যান [illegible] | [illegible] |
| ০৯ | মোঃ গোলাম হোসেন চেয়ারম্যান - [illegible] ইউঃ | Hossain |
| ১০ | এস, এম, [illegible] চেয়ারম্যান [illegible] | [illegible] |
| ১১ | মোঃ আব্দুর রাজ্জাক [illegible], চেয়ারম্যান, মনসুরনগর ইউঃ পঃ | [illegible] |
| ১২ | মো. রাকিবুল হাসান, সহকারী কমিশনার (ভূমি) কালিহাতী | Roslind |
| ১৩। | এ কে এম সাহেদ আলম সোহেল, PIO, কালিহাতী | [illegible] |
| ১৪। | মোঃ কামরুজ্জামান ডি.এ.ই. এল.জি.ই.ডি. কালিহাতী | [illegible] |
| ১৫। | মৌসুমী বসাক (ভারপ্রাপ্ত) জনস্বাস্থ্য প্রকৌশল ক্রেজ [illegible] | [illegible] |
| ১৬। | মোছাঃ [illegible] উপজেলা [illegible] | [illegible] |
| ১৭। | মো: মিজানুর রহমান বিআরডিবি কালিহাতী সহ: প্রকৌ: | [illegible] ২৫.৪.২২ |
| ১৮। | মোঃ হাসান [illegible] উপজেলা [illegible] কর্মকর্তা (ভার) [illegible] | |
| ১৯। | মোঃ আনিসুর রহমান উপজেলা বন কর্মকর্তা | |
| ২০। | মো: [illegible] উপজেলা সমবায় অফিসার [illegible] | |
| ২১. | মোঃ আরিফুল ইসলাম সহকারী উপজেলা শিক্ষা অফিসার | [illegible] ২৫/০৪/২২ |

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ২২. | মোঃ আহসান হাবীব, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [signature] ২৫/৮/22 |
| ২৩ | পলাশ ভৌমিক উপজেলা প. প. কর্মকর্তা | [signature] |
| ২৪ | মোঃ আবুল কালাম আজাদ U.Y.D.O | [signature] |
| ২৫. | মোমিন আলী USEO, [illegible] | [signature] 25/8/2022 |
| ২৬. | মোঃ হাবিবুর রহমান UEO [illegible] | [signature] 25/8/22 |
| ২৭ | [illegible] UDBO [illegible] | [signature] 25/8/22 |
| ২৮ | মোঃ [illegible] UAO [illegible] | [signature] 25/8/22 |
| ২৯. | মোঃ [illegible] USSO, [illegible] | [signature] |
| ৩০. | টিনা রানী সরকার, UWAO [illegible] | [signature] 25/8/2022 |
| ৩১. | ডাঃ মোঃ [illegible] আহসান, উপজেলা প্রাণিসম্পদ [illegible] | [signature] 25/8/22 |
| ৩২ | মোঃ [illegible] উদ্দিন [illegible] ইঞ্জিনিয়ার | [signature] 25/08/2022 |
| ৩৩. | মিজানুর আহসান চৌধুরী উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ৩৪ | [illegible] | [signature] 25/08/22 |